

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৫৩.১৭.১৭

তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৪  
৬ জানুয়ারি ২০২৪

অভিযোগনামা

যেহেতু, জনাব মো: আনিছুর রহমান (১৩৭৬০), সহকারি অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি নুরুন্নাহার মহিলা কলেজ, ঝিনাইদহ এর বিরুদ্ধে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যশোর শিক্ষা বোর্ডের একটি বিষয়ে সরসরি গাইড বই থেকে প্রশ্নপত্র প্রণয়ন করার অভিযোগ প্রমাণ হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন "চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না অথবা বর্ণিত বিধিমালায় আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১)বি ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সোহরাব হোসাইন ১৮.০১.২০২৪

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

বর্তমান কর্মস্থল:

জনাব মো: আনিছুর রহমান (১৩৭৬০)

সহকারি অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি নুরুন্নাহার মহিলা কলেজ, ঝিনাইদহ।

স্থায়ী ঠিকানা:

গ্রাম- সুন্দরপুর, পো:- পান্নাতলা বাজার

থানা-কালিগঞ্জ, জেলা- ঝিনাইদহ।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

যেহেতু, জনাব মো: আনিছুর রহমান (১৩৭৬০), সহকারি অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি নুরুন্নাহার মহিলা কলেজ, ঝিনাইদহ এর বিরুদ্ধে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যশোর শিক্ষা বোর্ডের একটি বিষয়ে সরসরি গাইড বই থেকে প্রশ্নপত্র প্রণয়ন করার অভিযোগ প্রমাণ হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মো: আনিছুর রহমান (১৩৭৬০), সহকারি অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি নুরুন্নাহার মহিলা কলেজ, ঝিনাইদহ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

আনিছুর ১৮.০১.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব